দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 16 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

# ইউএনওর হাতে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের চেয়ারম্যান লাঞ্ছিত

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের চেয়ারম্যান ও চাঁপাইনবাবগঞ্জ আওয়ামী লীগের সাবেক সভাপতি কাইয়ুম রেজা চৌধুরীকে গত বৃহস্পতিবার লাঞ্ছিত করেছেন শিবগঞ্জের' ইউএনও সৈয়দ ইরতিজা আহসান।

জানা গেছে, কুমিরাদহ বিলে অবৈধভাবে মাছ ধরা হচ্ছে বলে প্রধানমন্ত্রীর কাছে অভিযোগ করেছিলেন কাইয়ুম রেজা চৌধুরী। সেই অভিযোগের প্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জের ডিসির নেতৃত্বে গঠিত একটি তদন্ত টিম গত বৃহস্পতিবার কুমিরাদহ বিলে যায়। সে সময় ডিসি জাহিদুল ইসলামের সাথে ছিলেন- শিবগঞ্জের ইউএনও ইরতিজা আহসান, সহকারী কমিশনার ভূমি আফাজ উদ্দিন। কাইয়ুম রেজা চৌধুরীর সাথে ছিলেন চাঁপাইনবাবগঞ্জ পৌর আওয়ামী লীগের সভাপতি মিজানুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক ফাইজুদ্দিন আহমেদ, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মামুন অর রশিদ, উপজেলা কৃষক লীগের আহ্বায়ক আব্দুল বারী, জেলা কৃষক লীগের সহ-সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি পারভেজ প্রমুখ।

কাইয়ুম রেজা চৌধুরী জানান, ইউএনও সাহেব ফোন রিসিভ করেন না কেন ? বলার সাথে তিনি রেগে গিয়ে আমাকে অপমান করেন। এসময় আমার প্রাইভেটকার ক্ষতিগ্রস্ত করা হয়। ডিসি জাহিদুল ইসলাম বলেন, 'আমি নিজে ঘটনাস্থলে ছিলাম। উভয়পক্ষের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় হয়েছে। তবে কাইউম চৌধুরীর সাথে এমন আচরণ করা ইউএনওর উচিত হয়নি। সে জন্য আমি কাইউম চৌধুরীর বাড়ি গিয়ে প্রশাসনের পক্ষ থেকে ক্ষমাও চেয়েছি। একই সাথে ইউএনওকে সতর্ক করেছি।' ইউএনও সৈয়দ ইরতিজা আহসানের সাথে যোগাযোগের চেষ্টা করা হয়। কিন্তু তিনি ফোন রিসিভ করেন নি। বিশিষ্ট শিক্ষানুরাগী, ব্যবসায়ী এবং বিজিবিএইচএফ-এর সাবেক প্রেসিডেন্ট কাইউম রেজা চৌধুরী ২০১৬ ও ২০১৭ সালের জন্য ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের বোর্ড অব ট্রাস্টিজ এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ফাউন্ডেশনের (ইউএপিএফ) বোর্ড অব গভর্নসের চেয়ারপারসন নির্বাচিত হন। তিনি আওয়ামী লীগের একজন বর্ষীয়ান নেতা।